

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
শৃঙ্খলা অধিশাখা
www.mohfw.gov.bd

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.০০৭.২০১৯- ৮৫

তারিখ- ২৫.০২.২০১৯ খ্রিঃ

বিষয়ঃ ডাঃ মোঃ আল-আমিন মিয়াজী (১৩২৩২২), মেডিকেল অফিসার, ২৫০ শয্যা বিশিষ্ট হাসপাতাল, মাগুরা এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ মোতাবেক বিভাগীয় মামলা


অভিযোগনামা

যেহেতু, আপনি ডাঃ মোঃ আল-আমিন মিয়াজী (১৩২৩২২), মেডিকেল অফিসার, ২৫০ শয্যা বিশিষ্ট হাসপাতাল, মাগুরা গত ০২/০৮/২০১৮ হতে ৩১/১০/২০১৮ তারিখ পর্যন্ত মোট ২ মাস ২৯ দিন কর্মস্থল থেকে অননুমোদিতভাবে অনুপস্থিত ছিলেন;

যেহেতু, আপনার উল্লিখিত অনুপস্থিতি সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'পলায়ন' হিসেবে গণ্য;

এক্ষণে সেহেতু, আপনাকে ২০১৮ সালের সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) ধারা মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'পলায়ন'র দায়ে অভিযুক্ত করা হল এবং কেন আপনাকে উক্ত বিধিমানার অধীনে যথোপযুক্ত দণ্ড প্রদান করা হবে না-এ নোটিস প্রাপ্তির ১০ (দশ) কর্ম দিবসের মধ্যে এ বিষয়ে নিম্নস্বাক্ষরকারীর নিকট কারণ-দর্শালের জন্য আপনাকে নির্দেশ প্রদান করা হল। একই সাথে আপনি ব্যক্তিগত শুনানি চান কিনা তাও জানাতে নির্দেশ প্রদান করা হল।

অভিযোগ বিবরণী এতদসঙ্গে সংযুক্ত করা হল।



(শেখ রফিকুল ইসলাম)
অতিরিক্ত সচিব (প্রশাসন)

ডাঃ মোঃ আল-আমিন মিয়াজী (১৩২৩২২)
মেডিকেল অফিসার, ২৫০ শয্যা বিশিষ্ট হাসপাতাল, মাগুরা
(স্থায়ী ঠিকানাঃ গ্রাম- মালিকহিল বাকিনগর, উপজেলা- দাউদকান্দি, জেলা- কুমিল্লা)।
নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.০০৭.২০১৯- ৮৫/০৫

তারিখ- ২৫.০২.২০১৯ খ্রিঃ

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিসটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল)।
- ২। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (তথ্যটি কম্পিউটারে সংরক্ষিত রাখার জন্য)।
- ৩। সিভিল সার্জন কাম তত্ত্বাবধায়ক, ২৫০ শয্যা বিশিষ্ট হাসপাতাল, মাগুরা।
- ৪। উপপরিচালক (শৃঙ্খলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৫। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।


(মোঃ ছরোয়ার হোসেন)

উপসচিব

ফোনঃ ৯৫৪৫০২৮

অভিযোগ বিবরণী

আপনি ডাঃ মোঃ আল-আমিন মিয়াজী (১৩২৩২২), মেডিকেল অফিসার, ২৫০ শয্যা বিশিষ্ট হাসপাতাল, মাগুরা গত ০২/০৮/২০১৮ হতে ৩১/১০/২০১৮ তারিখ পর্যন্ত মোট ২ মাস ২৯ দিন কর্মস্থল থেকে অননুমোদিতভাবে অনুপস্থিত ছিলেন এবং আপনি কর্তৃপক্ষকে অবহিত করেননি। আপনার উল্লিখিত কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) ধারা মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'পলায়ন' হিসেবে গণ্য। আপনি উপর্যুক্ত আচরণ দ্বারা সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) ধারা মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'পলায়ন'র দায়ে অভিযুক্ত হয়েছেন।



(শেখ রফিকুল ইসলাম)
অতিরিক্ত সচিব (প্রশাসন)